বই 2 লেখনি সোশ্যাল সার্ভিসেস প্রোগ্রাম (Social Services Programs) সম্পর্কে আপনার কী জানা উচিৎ

পৃষ্ঠা 6

প্রথম প্রশ্নোত্তরের বদলে নিম্নলিখিত ব্যবহার করুনঃ

**প্রঃ আমি কি টেম্পোরারি অ্যাসিস্ট্যান্স (Temporary Assistance) পেতে পারি যদি আমি মার্কিন যুক্তরাষ্ট্রের (U.S.) নাগরিক না হই?**

**উঃ** আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক না হন, তাহলে টেম্পোরারি অ্যাসিস্ট্যান্সের জন্য যোগ্য হতে আপনাকে প্রমাণ করতে হবে যে আপনি নিম্নে লিখিত বিভাগগুলির একটিতে আছেন (কিছু কিছু মানুষ কেবল সেফটি নেট অ্যাসিস্টেন্স (Safety Net Assistance, SNA) এর জন্য যোগ্য হতে পারে):

1. মার্কিন যুক্তরাষ্ট্রের একজন অ-নাগরিক অধিবাসী; অথবা
2. কানাডায় জন্মগ্রহণকারী একজন নর্থ আমেরিকান ইন্ডিয়ান যার উপর অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) সেকশন 289 প্রযোজ্য; অথবা
3. ইন্ডিয়ান সেলফ-ডিটার্মিনেশন অ্যান্ড এডুকেশন অ্যাসিস্ট্যান্স অ্যাক্টের (Indian Self-Determination and Education Assistance Act) (25 U.S.C 5304(e)) ধারা 4(e) এর সংজ্ঞা অনুযায়ী একটি ফেডারেলভাবে স্বীকৃত ইন্ডিয়ান উপজাতিয় দলের একজন সদস্য, যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে জন্মগ্রহণ করেছেন; অথবা
4. INA এর সেকশন 207 এর অধীনে মার্কিন যুক্তরাষ্ট্রে শরণার্থী হিসাবে প্রবেশকারী একজন বহিরাগত ব্যক্তি; অথবা
5. INA এর সেকশন 208 এর অধীনে আস্রয়প্রাপ্ত একজন বহিরাগত ব্যক্তি; অথবা
6. একজন বহিরাগত ব্যক্তি যার দ্বীপান্তর INA এর সেকশন 243(h) এর কারণে স্থগিত আছে, যা 1 এপ্রিল, 1997 এর আগে থেকে কার্যকর, অথবা একজন বহিরাগত যার অপসারণ INA এর সেকশন 241(b)(3) এর কারণে স্থগিত আছে; অথবা
7. একজন বহিরাগত যিনি কিউবা বা হাইতি থেকে আগত, যা 1980 সালের শরণার্থী শিক্ষা সহায়তা আইনের (Refugee Education Assistance Act) এর সেকশন 501(e) অনুসারে সংজ্ঞায়িত; অথবা
8. একজন বহিরাগত যিনি আমেরাসিয়ান অভিবাসী হিসাবে আমেরিকায় প্রবেশ করেছেন যা 1996 সালের ব্যক্তিগত দায়িত্ব এবং কাজের সুযোগ পুনর্মিলন আইন (Personal Responsibility and Work Opportunity Reconciliation Act) (8 U.S.C. 1612(a)(2)(A)(v)) এর সেকশন 402(a)(2)(A)(i)(V) এ বর্ণিত আছে; অথবা
9. নির্দিষ্ট মাং বা হাইল্যান্ড লাওশিয়ান বহিরাগত ব্যক্তি; অথবা
10. একজন যোগ্যতা সম্পন্ন বহিরাগত ব্যক্তি যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীতে সক্রিয় মিলিটারি দায়িত্বে রয়েছেন, প্রশিক্ষণের জন্য সক্রিয় দায়িত্ব ছাড়া, অথবা তাদের স্বামী/স্ত্রী, অবিবাহিত বেঁচে থাকা স্বামী/স্ত্রী, বা অবিবাহিত নির্ভরশীল সন্তান, যদি এমন স্বামী/স্ত্রী বা নির্ভরশীল সন্তান বহিরাগত হয় এবং যোগ্য স্ট্যাটাস সম্পন্ন হয়; অথবা
11. একজন যোগ্যতা সম্পন্ন বহিরাগত ব্যক্তি যিনি একজন ভেটেরান, (1) যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী থেকে খারিজ প্রাপ্ত হয়েছেন যা সম্মানের সাথে খারিজ হিসাবে বিবেচিত এবং বহিরাগত হওয়ার কারণে নয়, অথবা (2) যার একটি যোগ্যতাপূরক অবস্থা রয়েছে, যা নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ আইনের (New York State Executive Law) সেকশন 350 এ সংজ্ঞায়িত আছে, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী থেকে তাকে খারিজ করা হয়েছে বাজে আচরণ বা অসম্মানজনক খারিজ ছাড়া (এবং বহিরাগত হওয়ার কারণে নয়), অথবা (3) একজন খারিজপ্রাপ্ত LGBT ভেটেরান, যা নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ আইনের সেকশন 350 এ সংজ্ঞায়িত আছে,

এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী থেকে তাকে খারিজ করা হয়েছে বাজে আচরণ বা অসম্মানজনক খারিজ ছাড়া (এবং বহিরাগত হওয়ার কারণে নয়); অথবা তাদের স্বামী/স্ত্রী, অবিবাহিত বেঁচে থাকা স্বামী/স্ত্রী, বা অবিবাহিত নির্ভরশীল সন্তান, যদি এমন স্বামী/স্ত্রী বা নির্ভরশীল সন্তান বহিরাগত হয় এবং যোগ্য স্ট্যাটাস সম্পন্ন হয়; অথবা

12. একজন যোগ্যতা সম্পন্ন বহিরাগত ব্যক্তি যিনি 40 (সোশ্যাল সিকিউরিটি) যোগ্যতা সম্পন্ন ত্রৈমাসে কাজ করেছেন এবং 22 আগস্ট, 1996 এর পূর্বে মার্কিন যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাসের জন্য আইনানুগভাবে দাখিল হয়েছেন, অথবা যিনি 22 আগস্ট, 1996 এ বা তার পরে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং যোগ্যতা সম্পন্ন স্ট্যাটাস সহকাররে মার্কিন যুক্তরাষ্ট্রে পাঁচ বা তার বেশি বছর বসবাস করেছেন। একটি যোগ্যতা সম্পন্ন ত্রৈমাসের মধ্যে রয়েছে এমন যেকোনো ত্রৈমাস যেখানে বহিরাগতের পিতা-মাতা কাজ করেছেন যখন বহিরাগত 18 বছরের কম বয়সী ছিলেন এবং বহিরাগতের স্বামী/স্ত্রী কাজ করেছেন এমন যেকোনো ত্রৈমাস, যদি বহিরাগত ব্যক্তি তার স্বামী/স্ত্রীর সাথে বিবাহিত থাকেন অথবা স্বামী/স্ত্রী মৃত্যু বরণ করে থাকেন। 31 ডিসেম্বর, 1996 এর পরে অর্জিত কোন ত্রৈমাস গণনা করা হবে না, যদি বহিরাগত এই সময়ে কোন ফেডারেল গড়-পরিক্ষিত সরকারি সুবিধা পেয়ে থাকেন; অথবা
13. একজন যোগ্যতা সম্পন্ন বহিরাগত ব্যক্তি যিনি 22 আগস্ট, 1996 এর পূর্বে মার্কিন যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাসের জন্য আইনানুগভাবে দাখিল হয়েছেন, অথবা যিনি 22 আগস্ট, 1996 এ বা তার পরে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং যোগ্যতা সম্পন্ন স্ট্যাটাস সহকাররে মার্কিন যুক্তরাষ্ট্রে পাঁচ বা তার বেশি বছর বসবাস করেছেন; অথবা
14. একজন যোগ্যতা সম্পন্ন বহিরাগত ব্যক্তি যিনি যিনি 22 আগস্ট, 1996 এ বা তার পরে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং যোগ্যতা সম্পন্ন স্ট্যাটাসে পাঁচ বছরের কম সময়ের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত ছিলেন; অথবা
15. INA এর সেকশন 212(d)(5) এর অধীনে অন্তত এক বছরের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে প্যারোলে থাকা একজন বহিরাগত; অথবা
16. 1 এপ্রিল, 1980 এর পূর্বে থেকে কার্যকর INA এর সেকশন 203(a)(7) এর অধীনে শর্তাধীন প্রবেশের অনুমোদন পাওয়া একজন বহিরাগত; অথবা
17. নির্দিষ্ট ইরাকি বা আফগান নাগরিক যাদের INA এর সেকশন 101(a)(27) এর অধীনে অথবা 2009 সালের আফগান অ্যালাইস প্রোটেকশন অ্যাক্ট (Afghan Allies Protection Act, AAPA) এর সেকশন 602(B)(1)/2006 সালের ন্যাশনাল ডিফেন্স অথোরাইজেশন অ্যাক্ট (National Defense Authorization Act, NDAA) এর সেকশন 1059(a) এর অধীনে শরণার্থী স্ট্যাটাস দেওয়া হয়েছে; অথবা
18. 8 U.S.C. 1641(c) এ সংজ্ঞায়িত অনুসারে নির্দিষ্ট পীড়িত বহিরাগত; অথবা
19. একজন বহিরাগত যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবিক পরিষেবা বিভাগের (U.S. Department of Health and Human Services) নির্দিষ্ট প্রত্যয়ন পেয়েছেন যা তাদের মানব পাচারের মারাত্মক ধরণের ভুক্তভোগী হিসাবে শনাক্ত করে অথবা যিনি 2000 সালের পাচার এবং সহিংসতা থেকে সুরক্ষা প্রদানকারী আইন (Victims of Trafficking and Violence Protection Act) এর শিরোনাম 8 এর সেকশন 1101(a)(15)(T)(ii) এর সংশোধনের অধীনে অ-অভিবাসী হিসাবে ক্লাসিফাইড; অথবা
20. একজন বহিরাগত যার স্ট্যাটাস উপরে উল্লিখিত নেই এবং যিনি যোগ্যতা সম্পন্ন বহিরাগতের মধ্যে পড়েন না, কিন্তু যিনি অন্যথায় কালার অফ ল অনুযায়ী স্থায়ীভাবে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন (Permanently Residing in the United States Under Color of Law, PRUCOL), যার মধ্যে রয়েছে:
    a. INA এর সেকশন 212(d)(5) এর অধীনে এক বছরের কম সময়ের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে প্যারোলে থাকা একজন বহিরাগত; অথবা

b. একজন বহিরাগত যিনি INA এর সেকশন 241(a)(3) অনুযায়ী একটি তত্বাবধানের আদেশ (Order of Supervision) অনুযায়ী মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন; অথবা
c. একজন বহিরাগত, INA এর সেকশন 240A অনুযায়ী যার বহিষ্কার বাতিল মঞ্জুর করা হয়েছে;
d. একজন বহিরাগত যার কার্যক্রম স্থগিত স্ট্যাটাস মঞ্জুর হয়েছে; অথবা
e. একজন বহিরাগত যাকে লিগ্যাল ইমিগ্রেশন ফ্যামিলি ইক্যুইটি আইনের (Legal Immigration Family Equity Act, LIFE Act) অধীনে গঠিত "K3" বা "K4" বা "V" ভিসা মঞ্জুর করা হয়েছে;
f. একজন বহিরাগত যাকে একটি "U" ভিসার জন্য অন্তবর্তীকালীন ছাড় হিসেবে কার্যক্রম স্থগিত স্ট্যাটাস মঞ্জুর করা হয়েছে; এবং
g. একজন বহিরাগত যাকে "S" অথবা "U" ভিসা স্ট্যাটাস মঞ্জুর হয়েছে; অথবা
h. একজন বহিরাগত যিনি দেখিয়েছেন যে INA এর সেকশন 249 অনুযায়ী তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং 1972 সালের 1 জানুয়ারি থেকে অবিরত সেখানে বসবাস করছেন; অথবা
i. একজন বহিরাগত যিনি একজন স্থায়ী অ-অভিবাসী, গণ আইনের (Public Law, P.L.) 99-239 এর অধীনে, যেমনটি P.L 108-188 এ সংশোধিত হয়েছে (ফেডারেল স্টেট অফ মাইক্রনেশিয়া এবং রিপাবলিক অফ মার্শাল আইল্যান্ডসের নির্দিষ্ট নাগরিকদের ক্ষেত্রে প্রযোজ্য) অথবা P.L. 99-658 এর অধীনে (রিপাবলিক অফ পালাউ এর নাগরিকদের ক্ষেত্রে প্রযোজ্য); অথবা
j. মার্কিন যুক্তরাষ্ট্র নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবা (United State Citizenship and Immigration Services, USCIS) কর্তৃক টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (Temporary Protected Status, TPS) মঞ্জুর করা হয়েছে এমন বহিরাগত; অথবা
k. একজন বহিরাগত যার আশ্রয় আবেদন মুলতবি আছে এবং যিনি USCIS কর্তৃক কাজ করার অনুমোদন পেয়েছেন; অথবা
l. একজন বহিরাগত যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের একজন প্রেসিডেন্টের ক্ষমতাবলে বহিষ্কারে স্থগিতাদেশ সুবিধা পেয়েছেন; অথবা
m. এখন বহিরাগত যিনি USCIS কর্তৃক বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক (Special Immigrant Juvenile, SIJ) ক্লাসিফিকেশন পেয়েছেন; অথবা
n. একজন বহিরাগত যিনি USCIS কর্তৃক আনুষ্ঠানিকভাবে মার্কিন যুক্তরাষ্ট্রে আইনানুগভাবে উপস্থিত হিসাবে নির্ধারিত হয়েছেন এবং যাকে USCIS অনির্দিষ্ট কালের জন্য দেশে থাকার অনুমতি দিয়েছে।